# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮১৯

২৮/ খাদ্য সম্পর্কিত (كتاب الأطعمة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ শয়নকালে পাত্রসমূহ ঢেকে রাখা এবং চেরাগ ও আগুন নিভিয়ে দেওয়া।

باب مَا جَاءَ فِي تَخْمِيرِ الإِنَاءِ وَإِطْفَاءِ السِّرَاجِ وَالنَّارِ عِنْدَ الْمَنَامِ

---

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَغْلِقُوا الْبَابَ وَأَوْكِئُوا السِّقَاءَ وَأَكْفِئُوا الإِنَاءَ أَوْ خَمِّرُوا الإِنَاءَ وَأَطْفِئُوا الْمِصْبَاحَ فَإِنَّ الشَّيْطَانَ لاَ يَفْتَحُ غَلَقًا وَلاَ يَحِلُّ وِكَاءً وَلاَ يَكْشِفُ آنِيَةً وَإِنَّ الْفُوَيْسِقَةَ تُضْرِمُ عَلَى النَّاسِ بَيْتَهُمْ " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَأَبِي هُرَيْرَةَ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ جَابِرٍ .

বাংলা

১৮১৯। কুতায়বা (রহঃ) ... জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা দরজা বন্ধ করবে, মশকের মুখ বাঁধবে, পাত্রগুলো উল্টে রাখবে কিংবা বলেছেন পাত্রগুলো ঢেকে রাখবে, বাতি নিভিয়ে দিবে। কেননা, শয়তান বন্ধ দুয়ার খুলতে পারে না, মশকের গিট খুলতে পারে না, পাত্রের মুখও অনাবৃত করতে পারে না। (বাতি নিভিয়ে দিবে) কেননা, দুষ্ট ইঁদুরগুলো লোকদের ঘরে আগুন লাগিয়ে পুড়িয়ে দেয়। সহীহ, ইবনু মাজাহ ৩৪১, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮১২ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে ইবনু উমার, আবূ হুরায়রা ও ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। জাবির রাদিয়াল্লাহু আনহু-এর বরাতে হাদীসটি একাধিক সূত্রে বর্ণিত আছে।

## English

Narrated Jabir:

That the Prophet (ﷺ) said: "Close the door, tie the water-skin, turn over the vessel, or cover the vessel, and extinguish the torch. Indeed Ash-Shaitan

does not open what is closed, nor undo what is fastened, nor uncover a vessel, but the small vermin may cause a fire in people's houses."

He said: There are narrations on this topic from Ibn 'Umar, Abu Hurairah, and Ibn 'Abbas.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih, and it has been reported through other routes from Jabir.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22664

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন